

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৪ ও ৫)

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০

ফ্যাক্স: ০২-৪১০৩০০৪৯, ওয়েবসাইট: www.ntrca.gov.bd

ই-মেইল: ntrca2005@yahoo.com



স্মারক নং: বেশিনিক/শি.শি/প্রতিষ্ঠান NON-MPO পদ MPO সংক্রান্ত/৯০৪/২০১৯/৬৪৬ তারিখ: ১৬ সেপ্টেম্বর, ২০২০।

বিষয়: ২০১৯ সালের ২য় নিয়োগ চক্রের NON-MPO পদে সুপারিশকৃত NON-MPO শিক্ষকদের অনুকূলে জারীকৃত

Recommendation Letter-এর ৪নং শর্ত শিথিলকরণ।

সূত্র: ১. অত্র কার্যালয় বেশিনিক/শি.শি./বেশিপ্রশি.নি/৮৫৪/২০১৮/২৩৫ তারিখ: ২৪ জানুয়ারি, ২০১৯।

২. অত্র কার্যালয় বেশিনিক/শি.শি./বেশিপ্রশি.নি/৮৫৪/২০১৮/৩৮৯ তারিখ: ০১ নভেম্বর, ২০১৯।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে তাঁর দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, এনটিআরসিএ কর্তৃক ২য় নিয়োগ চক্রের NON-MPO পদে সুপারিশকৃত প্রার্থীদের Recommendation Letter-এর ৪নং শর্তে “নন-এমপিও পদে সুপারিশকৃত প্রার্থীরা কখনও এমপিও সুবিধা দাবী করতে পারবেন না। এ সুপারিশ নন এমপিও পদে এমপিও প্রাপ্তির কোন সুপারিশ নয় এবং এর মাধ্যমে প্রার্থীর MPO প্রাপ্তির কোন অধিকার জন্মাবে না” মর্মে উল্লেখ রয়েছে। উল্লেখ্য, অক্টোবর ২০১৯ এ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান MPO ভুক্তির ঘোষণা এবং তৎপরবর্তীতে বিভিন্ন তারিখে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগের আওতাধীন সংশ্লিষ্ট অধিদপ্তরসমূহ কর্তৃক যে সকল শিক্ষা প্রতিষ্ঠান ও পদসমূহ নতুন করে MPO ভুক্ত হয়েছে তাদের ক্ষেত্রে উল্লিখিত ৪নং শর্ত শিথিলযোগ্য বিবেচিত হবে। প্রচলিত এমপিও নীতিমালার আলোকে তাদের ক্ষেত্রে এমপিওভুক্তির এ শর্ত প্রতিবন্ধকতা তৈরি করবে না।

০২. উল্লেখ্য, কেবলমাত্র নন-এমপিও চাহিদা প্রদানকারী প্রতিষ্ঠান (যেগুলো নতুন এমপিও ভুক্ত হয়েছে এবং এমপিও নীতিমালা ২০১৮ অনুযায়ী ভবিষ্যতেও এমপিও ভুক্ত হবে) এবং যেখানে এনটিআরসিএ কর্তৃক নন-এমপিও পদে সুপারিশ করা হয়েছিল সেগুলোর ক্ষেত্রে এ শর্ত শিথিলযোগ্য মর্মে বিবেচিত হবে।

০৩. জনস্বার্থে এ আদেশ জরুরী হিসেবে বিবেচ্য।

প্রাপক

১. উপপরিচালক (আঞ্চলিক অফিস), মাউশি (সকল)
২. জেলা শিক্ষা অফিসার (সকল)


১৬.০৯.২০২০

(ড. কাজী আসাদুজ্জামান)

(যুগ্মসচিব)

সদস্য (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)

এনটিআরসিএ, ঢাকা।

ফোন: ০২-৪১০৩০০৪৬

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হল:

১. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. মহাপরিচালক, মাউশি/কারিগরি/মাদ্রাসা অধিদপ্তর, ঢাকা;
৩. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৭. পি.এ টু চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)।